বেকার জীবন যে
কি ভয়াবহ
তাহা একমাত্র
ভুক্তভোগীরাই জানেন
স্বাধীনভাবে বাড়ীতে ব'সে মাসে ১৫০
টাকা হইতে ২০০ টাকা রোজগার করুন।
গরীবদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
বহরমপুর টেলারিং স্কুল
২৯, বাবুলবোনা রোড ( রাইকানন )
পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৫ ইং 5th June 1968 { ৪র্থ সংখ্যা


সকল ঘরের তরে..
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ফুটবল, বুট, র‍্যাকেট, হোস্
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২২শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৫ সাল।

## ॥ ছাত্র-বিক্ষোভ— এখানে ও সেখানে ॥

--০—

অধ্যয়নই ছাত্রদের তপস্যা—আর্যগুরু প্রভাবিত যুগে এই নীতির যথেষ্ট গুরুত্ব ছিল। 'প্রণিপাতেন', 'পরিপ্রশ্নেন' ও 'সেবয়া'—শিক্ষালাভের এই তিনটি সোপানকে সার্থক জ্ঞান করার মনোভাব বর্ত্তমানে তত স্পষ্ট নহে। সেবা ও নিষ্ঠার পরাকাষ্ঠায় সেকালে ছাত্রেরা জমিতে শুইয়া পড়িয়া জলরোধের চেষ্টা করিয়াছেন অথবা অর্কপত্র খাইয়া অন্ধত্ব বরণ করিয়াছেন।

এখন পঠিতব্য বিষয় অধিগত করিয়া লওয়ার মধ্যেই ছাত্রদের কর্ত্তব্য সীমাবদ্ধ নহে। যুগের সঙ্গে সমান তালে চলিবার জন্য তাঁহাদিগকে রাষ্ট্রীক ও সামাজিক প্রভাবে সাড়া দিতে হয়। এই অবস্থায় নানা পরিস্থিতি অনিবার্যভাবে তাঁহাদের নানা মানসিক প্রতিক্রিয়া ঘটায়।

পৃথিবীর নানা স্থানে ছাত্র-বিক্ষোভ বিংশ শতাব্দীর সভ্যতার একটি উপজাত বস্তু। ভারতবর্ষের ছাত্রেরা এক সময় ইংরাজ সরকারের বিরুদ্ধে আন্দোলন করিয়াছিলেন। দেশ স্বাধীন হওয়ার পর হইতে ছাত্র-আন্দোলন বহু পথ খুঁজিয়া পাইয়াছে। রাজনৈতিক বা সামাজিক অন্যায় ও দুর্নীতিতে ছাত্রেরা সোচ্চার। প্রতিকারের দাবীতে বিক্ষোভের বিভিন্ন প্রকাশ। আর তাহার ফলশ্রুতিতে ধর্মঘট, মিছিল, যানবাহন চলাচলে বিপর্যয়, জীবন ও সম্পত্তির বিনাশ। যুগের গতি প্রকৃতির বিচারে ছাত্রদের রাষ্ট্রীক তথা সামাজিক চেতনা হইতে সরিয়া থাকার কথা ভাবা একটু কঠিন।

যান্ত্রিক সভ্যতায় জীবনের জটিলতা বৃদ্ধি তথা রাজনৈতিক আদর্শের সংঘাত ছাত্র-বিক্ষোভের অপর একটি দিক। ফ্রান্সের ছাত্র আন্দোলন পরিণামে দেশজোড়া সঙ্কট আনিয়াছে। পশ্চিম জার্মানীতে ছাত্রেরা বিতর্কমূলক সরকারী জরুরী ক্ষমতা আইনের বিরুদ্ধে দণ্ডায়মান। মিউনিকে, পশ্চিম বার্লিনে ছাত্র-পুলিশ মোকাবিলা হইয়াছে। বৃটেনের ছাত্র-ছাত্রীরা হরনেস কলেজ পরিচালনা সংক্রান্ত বিক্ষোভে সামিল হইয়াছে। স্পেনের মাদরিদ বিশ্ববিদ্যালয়ে ছাত্র-পুলিশ সংঘর্ষে প্রায় এক শত জন আহত। অনেক নাবালক ধৃত। প্রকাশ, উক্ত বিশ্ববিদ্যালয়ের দর্শন ফ্যাকালটির ছাত্র-প্রতিনিধি গ্রেপ্তার হওয়ার পর এই হাঙ্গামা বাধে। রোমের বহু ছাত্র লাল পতাকা হাতে লইয়া পিকেটিং করিয়াছেন। মিলান শহরের ছাত্রেরা সংগ্রামী হইয়াছেন। এধারে সুইজারল্যাণ্ডে হাজার হাজার ছাত্র ও নাগরিক সম্মিলিতভাবে বিভিন্ন ধ্বনি দিয়া জেনিভার রাস্তায় মিছিল বাহির করেন। উক্ত ছাত্র বিক্ষোভের নজিরসমূহ খুব সাম্প্রতিক কালের।

সুপরিচালিত আন্দোলন সুফলপ্রসূ হয়। ইহার দ্বারা অনেক অন্যায়ের প্রতিকার সম্ভব। শুধু ভাবাবেগে পরিচালিত বিক্ষোভের ফল বিষময়। এইরূপ ক্ষতিকারক মাতনের বিরুদ্ধে সুস্থচিন্তাসম্পন্ন ছাত্রদল যে প্রতিবাদ করেন—ইহাও স্বীকার্য। প্রাচ্য-প্রতীচ্য সব দেশেই ছাত্র বিক্ষোভ চলে। আমাদের ছাত্রেরা নানা সমস্যায় জড়িত। দুই মুঠা খাইবার, জীবনে দাঁড়াইবার প্রভৃতি বহুবিধ সমস্যা এখানে; পশ্চিমী দুনিয়ায় হয়ত সে বালাই নাই।

---

## নূতন মুন্সেফ বাবু

জঙ্গিপুর মুন্সেফী আদালতের প্রথম কোর্টের মুন্সেফ শ্রীশ্রীধর মাইতি মহাশয় সবজজ পদে উন্নীত হইয়া আলিপুরে বদলী হওয়ায় তাঁহার স্থানে শ্রীবিজনকুমার দত্ত মহাশয় কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মুন্সেফ বাবুকে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। 'অয়মারম্ভ শুভায় ভবতু'।

---

## পশ্চিমবঙ্গের একটি মৌসুমী ফসল : লিচু

—০—

সারা বছরে অতি অল্প সময়ের জন্যই যে ফসল এবং ফলটির দেখা মেলে, সে হল - লিচু। গ্রীষ্মের দাবদাহে সারা প্রকৃতি যখন বিশীর্ণ ও বিশুষ্কপ্রায়, তখন ছোট-ছোট পাতার ফাঁকে গুচ্ছ হ'য়ে দেখা দেয় লিচু,—রঙ ও রস,—উভয়দিক দিয়েই মনোহর। লিচুর আরক্তিম বর্ণ, কোথায় সিঁদূরের মতো টকটকে লাল, কোথাও আরও গভীর,—ছোট-বড়ো সবারই দৃষ্টি আকর্ষণ করে। কিন্তু এ তো গেল রঙের কথা, রসেও লিচু টইটম্বুর। গ্রীষ্মকালে,—তৃষ্ণায় ধরিত্রী যখন অস্থির,—তখন এই ছোট্ট ফল লিচু,—যুগপৎ রসনার তৃপ্তি দান করে, আবার তৃষ্ণাও মেটায়। কিন্তু সঙ্গে সঙ্গে এ-কথাও বলতে হবে,—লিচু দেখা দেয় অল্পকালের জন্য। পশ্চিমবঙ্গের দুমাস গ্রীষ্মের পুরো সময়টিতেও তাকে পাওয়া যায় না। দেখতে দেখতে সে বাজার ছেয়ে ফেলে, দেখতে দেখতে সে ফুরিয়ে যায়। আম কিছুটা সময় থাকে, কিন্তু লিচু এই আছে, এই নেই। বোধ হয় ক্ষণকালের তৃপ্তি দিয়ে সে চলে যায় বলেই লিচুর আকর্ষণ এত বেশি।

এবারে ঠিক সময়ে বৃষ্টি না হওয়ায় পশ্চিমবঙ্গের লিচু ফসলের ক্ষতি হয়েছে, উৎকর্ষের দিক দিয়েও ক্ষতি হয়েছে, পরিমাণের দিক দিয়েও ক্ষতি হয়েছে। আজকাল লিচুবাগান করবার দিকে লোকের বেশ ঝোঁক দেখা দিয়েছে। কারণ চাষটি বেশ লাভজনক। লিচু চাষের পেছনে খরচ বা ঝামেলা কিছুই নেই। চারা লাগানোর পরে কিছু জলসেচ ও সারের ব্যবস্থা আর সামান্য পরিচর্যা, এর বেশী কিছু দরকার হয় না। তবে লিচুগাছ বড় হতে একটু সময় নেয় - ফল হতে ৭।৮ বছর তো বটেই। বয়স আরও বাড়লে তবে ফলন হয় বেশি। লিচুগাছে রোগ বা পোকা লাগবার আশঙ্কাও কম। তবে ফল পাকলে বাদুড়ের উৎপাত কিছু হয়। গুটি হবার পরে এবং লিচু পাকবার আগে কিছু বৃষ্টি পেলে ফলের পরিমাণ ও আকার বাড়ে এবং মিষ্টিও বেশি হয়।

---

## নবগ্রাম ও সাগরদীঘি থানার গ্রামে গ্রামে হাহাকার

নবগ্রাম ২৮শে মে, জ্যৈষ্ঠ মাসের অর্দ্ধেক হতে চলল—একটানা আট মাস এই দুই থানার কোথাও এতটুকু বৃষ্টি নেই। মাটি রৌদ্রে ফেটে চৌচির পুকুর, দীঘি সমস্ত শুকিয়ে গিয়েছে। গরু বাছুরের জল খাওয়ার উপায় নেই। খাদ্য সংকটের সঙ্গে সঙ্গে জলকষ্ট চরমে দাঁড়িয়েছে। শতকরা ৮০টি নলকূপ অকেজো। নবগ্রাম ও সাগরদীঘির বহু পল্লী ঘুরে ঘুরে দেখেছি মানুষের বেশীর ভাগ দিনই এক বেলার ভাত জোটে না। বহু পরিবার অনেক দিন ভাতের মুখ দেখেনি। অনেকে তাড়ি খেয়ে দিন কাটাচ্ছে। নবগ্রাম থানার বাঘডাঙ্গা, নারায়ণডাঙ্গা, তালাব পাহাড়, নগরা, ছামুডাঙ্গা, বহার পাহাড়, ধোপাগড়্যা প্রভৃতি সাঁওতাল পল্লীগুলির অধিবাসিগণ দিনের পর দিন কচুর শাক, শামুক, আর ভুট্টার ছাতু খেয়ে দিন কাটাচ্ছে। মানুষ দেখলে চেনা যায় না। কাজের সন্ধানে মানুষ এ গ্রাম থেকে সে গ্রামে ছুটে বেড়াচ্ছে—কোথাও কাজ নেই তারা কাজ পেলে কোন রকমে বাঁচতে পারে। রেশনের দোকানগুলি ভেঙ্গে পড়েছে। মাসে মাথাপিছু ৪০ গ্রাম চিনি আর কিছু পাওয়া যায় না। ধানচালের দাম বেড়েই চলেছে - কেজী ২·০০ থেকে ২·২৫ পয়সা। মধ্যবিত্ত পরিবারের অবস্থাও শোচনীয়। দেশের এই শোচনীয় খাদ্য সম্পর্কে সরকার নির্বিকার। এরাই দেশের খাদ্য উৎপাদন করছে আর আজ এরাই খাদ্য চোখে দেখতে পাচ্ছে না। এ এক আজব দেশ। সর্বত্র রেশন ব্যবস্থা করা সরকারের আশু কর্ত্তব্য, কিন্তু সরকার উদাসীন।

## ভয়াবহ মোটর দুর্ঘটনা

কান্দী রাধারঘাট রাস্তার জীবন্তীর কাছে গত ২৯শে মে সকালে জয়পুর-বহরমপুর লাইনের প্রভাকর মোটর বাসটি রাস্তার পাশের বাবলা গাছে ধাক্কা মারায় উল্টে যায় এবং মোটরবাসখানি সম্পূর্ণ চুরমার হয়ে যায়। বাসের ৫৫ জন আরোহীই দুর্ঘটনায় আহত হন এবং তাদের মধ্যে সাত জনকে গুরুতর জখম অবস্থায় বহরমপুর হাসপাতালে পাঠানোর পর তিনজন মারা যায়। মোট ৫৫ জন বাস প্যাসেঞ্জারের মধ্যে ২৮ জনকে হাসপাতালে রাখা হয় এবং বাকি আহতদের ক্ষতস্থান ব্যাণ্ডেজ করে দেওয়া হয়। বহু আরোহীর হাতপা ভেঙ্গেছে।

## দাদাঠাকুরের তিরোধানে স্মৃতি-তর্পণ

তুমি নির্ভীক তেজস্বী বীর,
সংগ্রামী তুমি, উন্নত শির,
অমিত বীর্য, সংযত ধীর,
তোমারে প্রণাম করি।

তুমি বিদূষক, হাস্য রসিক,
প্রশান্ত তুমি জীবন পথিক,
বুদ্ধি-দীপ্ত-রস বাচসিক
তোমায় স্মরণ করি।

লোক বরেণ্য, কর্মী মহান,
সদাশয় তুমি হে সরল প্রাণ
একই দিবসে জনম মরণ
লইলে বরণ করি।
তোমায় স্মরণ করি।
তোমারে প্রণাম করি।

—ধূর্জটি বন্দ্যোপাধ্যায়

## জঙ্গিপুর পৌরসভার শতবার্ষিক উৎসব

আগামী ২৩শে জুন থেকে জঙ্গিপুর পৌরসভার সপ্তাহব্যাপী শতবার্ষিক উৎসব হচ্ছে। এই উৎসব উপলক্ষে এক বিরাট প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। ভারত সরকার, পশ্চিমবঙ্গ সরকার ও ফরাক্কা ব্যারেজের প্যাভিলিয়ান এই প্রদর্শনীতে থাকবে। পশ্চিমবঙ্গ সরকারের লোকরঞ্জন শাখার নৃত্যনাট্য 'শ্যামা' ও 'চিত্রাঙ্গদা' মঞ্চস্থ হবে। ভারত সরকারের সহযোগিতায় শ্রীরথীন ঘোষের কীর্ত্তন এবং শ্রীপূর্ণ দাসের বাউল গান হওয়ার সম্ভাবনা। শ্রীগুমানি দেওয়ান কবিগান করবেন। এ ছাড়া কিছু বিদেশী ছায়াচিত্র প্রদর্শিত হবে। বিভিন্ন পৌরসভা থেকে আমন্ত্রিত পৌরসদস্যগণকে নিয়ে পৌর এলাকার সমস্যা সম্বন্ধে একটি আলোচনা চক্র অনুষ্ঠিত হবে। শত বার্ষিকী কমিটি এই উৎসব উপলক্ষে একটি স্মারকগ্রন্থ প্রকাশ করছেন। তাতে মহকুমার একটা সর্ব্বাঙ্গীন পরিচয় তুলে ধরার চেষ্টা করা হবে।

## রঘুনাথগঞ্জ মুরারই রাস্তার মোটর বাসে যাত্রীদের ভিড়

রঘুনাথগঞ্জ - মুরারই রাস্তায় "গণপতি" ও "জয় মা" নামীয় দুইখানি মোটর বাস পালাক্রমে চলাচল করে। প্রতি বাসেই যাত্রীর ভিড় হয়। বেলা ১২টার বাসে শহরের মধ্য হইতে এত যাত্রী বোঝাই হয় যে গাড়ীতে তিল ধারণের স্থান থাকে না—পাদানীতে পর্য্যন্ত যাত্রীদের দাঁড়াইয়া থাকিতে দেখা যায়। পথিপার্শ্বের যাত্রিগণ বাসে স্থান না পাইয়া হতাশভাবে ফিরিয়া যাইতে বাধ্য হয়। এই রাস্তায় অধিক সংখ্যক মোটর বাস চলাচল করিবার ব্যবস্থা না করিলে যাত্রীদের অসুবিধা দূর হইবে না। এই সম্বন্ধে আমরা ইতিপূর্ব্বে বহুবার কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করিয়াছি কিন্তু কোন ফল হয় নাই। যাত্রীদের সুখ সুবিধার ব্যবস্থা করিবার জন্য আমরা পুনরায় মুর্শিদাবাদ ও বীরভূম জেলার জেলা-শাসক মহোদয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## "জঙ্গিপুর সংবাদে"র মূল্য বৃদ্ধি

ডাক বিভাগ সংবাদ-পত্র প্রেরণের ডাক মাশুল ২ পয়সা স্থলে ৫ পয়সা ধার্য্য করার জন্য বছরে ১ টাকার স্থলে ২·৫০ আড়াই টাকার ডাক মাশুল লাগিবে। সেইজন্য বার্ষিক মূল্য সডাক তিন টাকার স্থলে চারি টাকা ধার্য্য করা হইল।

## সঙ্গীতে কৃতিত্ব

এ বছর কলকাতায় ২৬শে মে হইতে ২রা জুন পর্য্যন্ত অনুষ্ঠিত নিখিল-ভারত-সঙ্গীত-প্রতিযোগিতায় আমাদের স্থানীয় জনপ্রিয় সঙ্গীত-শিল্পী শ্রীসমীরকুমার দাস যোগদান করিয়াছিলেন। আনন্দের বিষয় যে তিনি ভজন, শ্যামা সঙ্গীত, অতুলপ্রসাদে তৃতীয় স্থান অধিকার করিয়াছেন এবং পল্লীগীতিতে প্রথম শ্রেণীর সার্টিফিকেট লাভ করিয়াছেন। বর্ত্তমানে তিনি সঙ্গীত-প্রভাকর পরীক্ষার তৃতীয় বর্ষের ছাত্র। ইনি জঙ্গিপুর মহকুমা অফিসের অন্যতম করণিক। চাকুরী জীবনের পাশাপাশি সঙ্গীতকে তিনি জীবনের সাধনা হিসাবে চালাইতেছেন। তিনি সঙ্গীত সাধনায় আরও উন্নতি লাভ করুন।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটি আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫
ফোন: ৫৫-৪৩৬৬



## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)